# ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ

**আম্বরখানা শাখা, সিলেট।**

**অর্থঋণ আদালত আইন ২০০৩ এর ১২ ধারা মোতাবেক বন্ধকী সম্পত্তি নিলাম বিক্রয়ের বিজ্ঞপ্তি**

এতদ্বারা এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাইতেছে যে, মেসার্স শাহজালাল মটরস্ ও মেসার্স শাহজালাল এন্টারপ্রাইজ, স্বত্ত্বাধিকারী-জনাব মোঃ সালাহ উদ্দিন আকবর মিজান, পিতা-আলী আকবর, মাতা-নিলুফা বেগম, ব্যবসায়িক ঠিকানাঃ ওয়ার্ড নং-২৬, জকিগঞ্জ রোড, কদমতলী, সিলেট, বর্তমান ঠিকানাঃ গোটাটিকর, ডাকঘর-কদমতলী, সিলেট, স্থায়ী ঠিকানাঃ গ্রাম-সৈয়দপুর বাঘমারা দক্ষিণ, ডাকঘর-কুমিল্লা সদর, থানা-কুমিল্লা সদর দক্ষিণ, জেলা-কুমিল্লা কর্তৃক ইউসিবি, আম্বরখানা শাখা হইতে গৃহীত ঋণের জামানত হিসাবে নিম্ন তফসিলে বর্ণিত সম্পত্তি ও তদুপরিস্থিত স্থাপনাদি (যদি থাকে) রেজিস্ট্রিকৃত বন্ধকী দলিলমূলে ব্যাংকের নিকট বন্ধক রাখা আছে এবং রেজিস্ট্রিকৃত আম-মোক্তার দলিলমূলে আদালতের আদেশ ছাড়াই উহা বিক্রয়ের ক্ষমতা ব্যাংককে প্রদান করা আছে। ঋণগ্রহীতা মঞ্জুরীপত্রের শর্ত মোতাবেক ঋণ পরিশোধ না করায় বিগত ৩০/০৬/২০১৮ইং তারিখ পর্যন্ত ব্যাংকের পাওনা মোট ৫,২৯,৫৪,০০০/- (পাঁচ কোটি ঊনত্রিশ লক্ষ চুয়ান্ন হাজার) টাকা সহ অন্যান্য আনুসাঙ্গিক খরচ ও আদায়কালতক সুদ আদায়ের নিমিত্তে নিম্ন তফসিলভুক্ত সম্পত্তিসমূহ যেখানে যে অবস্থায় আছে সেই অবস্থায় নিলামে বিক্রয়ের জন্য আগ্রহী ক্রেতাদের নিকট হইতে সাদা কাগজে/প্যাডে স্থায়ী ঠিকানাসহ পূর্ণাঙ্গ ঠিকানা উল্লেখপূর্বক সীলমোহরকৃত দরপত্র আহবান করা যাইতেছে।

**বন্ধকী সম্পত্তিসমূহের তফসিল**

তফসিল-০১ঃ জেলা-সিলেট, থানা/উপজেলা-মোগলা বাজার, ইউনিয়ন-৮ নং মোগলা বাজার ইউপি, মৌজা-তুরকখোলা, জে.এল. নং-সি.এস./এস.এ.-১৮১, খতিয়ান নং-সি.এস./এস.এ.-৪৭১, ৯৩১, ৪৬৬, আর.এস./বি.এস.-৯৫৫, ডি.পি.-৭৪৯, মিউটেশন খতিয়ান নং-১২২০, ১২৪১, দাগ নং-সি.এস./এস.এ.-১৩৬১, ১৩৫৬, ১৩৬০, ১৮৮১, আর.এস./বি.এস.-১৮৪৭, মোট জমির পরিমাণ-১০৫.৭৪ শতক যাহার চৌহদ্দীঃ এস.এ.-১৩৬১ দাগঃ উত্তরে-এস.এ.-১৩৫৪ নং দাগের রাস্তা, দক্ষিণে-এস.এ.-১৩৬০ নং দাগের ভূমি, পূর্বে–এস.এ.-১৮৮১ নং দাগের ভূমি, পশ্চিমে-এস.এ.-১৩৬০ নং দাগের ভূমি; এস.এ.-১৩৫৬ দাগঃ উত্তরে-এস.এ.-১৩৫৪ নং দাগের ভূমি, দক্ষিণে-এস.এ.-১৩৫৭ নং দাগের ভূমি, পূর্বে-এস.এ.-১৩৬০ নং দাগের ভুমি, পশ্চিমে-এস.এ.-১৩৫৫ নং দাগের ভূমি; এস. এ.-১৩৬০ দাগঃ উত্তরে-রাস্তা, দক্ষিণে-অত্র দাগের অবশিষ্ট ভুমি, পূর্বে-এস.এ.-১৩৬১ নং দাগের ভূমি, পশ্চিমে-এস.এ.-১৩৫৬, ১৩৫৭ এবং ১৩৫৯ নং দাগের ভূমি; এস.এ.-১৩৬০ দাগঃ উত্তরে–রাস্তা ও এস.এ.-১৩৫৪ নং দাগ, দক্ষিণে-এস.এ.-১৩৬২, ১৩৬৩ নং দাগের ভূমি, পূর্বে-এস.এ.-১৩৬১ ও ১৮৮০ নং দাগের ভূমি, পশ্চিমে-এস.এ.-১৩৫৬, ১৩৫৭ এবং ১৩৫৯ নং দাগের ভূমি; এস.এ.-১৮৮১ দাগঃ উত্তরে-রাস্তা, দক্ষিণে-এস.এ.-১৮৮০ নং দাগের ভূমি, পূর্বে–গোপাট, পশ্চিমে-এস.এ.-১৩৬১ নং দাগের ভূমি।

তফসিল-০২ঃ জেলা-সিলেট, থানা/উপজেলা-সদর, ইউনিয়ন-৩ নং খাদিমনগর ইউপি, মৌজা-আঙ্গারুয়া, জে.এল. নং-সি.এস./এস.এ.-৫২, আর.এস.-৪১, খতিয়ান নং-সি.এস./এস.এ.-৪৭১, আর.এস./বি.এস.-৩১৫৫, ডি.পি.-৭৯৯, মিউটেশন খতিয়ান নং- ১৯৮৮, দাগ নং-সি.এস./এস.এ.-৯৭২, আর.এস./বি.এস.-৩২৯২, মোট জমির পরিমাণ-১০.০০ শতক যাহার চৌহদ্দীঃ উত্তরে-রাস্তা, দক্ষিণে-দেলোয়ার খান, পূর্বে-নাজমা বেগম, পশ্চিমে-আব্দুল মসব্বির।

তফসিল-০৩ঃ জেলা-সিলেট, থানা/উপজেলা-দক্ষিণ সুরমা, ইউনিয়ন-৩ নং খাদিমনগর ইউপি, মৌজা-গোধরালী, জে.এল. নং-সি.এস./এস.এ.-১২৬, আর.এস.-১২৬, খতিয়ান নং-সি.এস./এস.এ.-৭৯৪, আর.এস./বি.এস.-২৯৮৩, মিউটেশন খতিয়ান নং-২০৭৪, দাগ নং-সি.এস./এস.এ.-২৪৪৮, আর.এস./বি.এস.-৩৫৮১, মোট জমির পরিমাণ-৮.৭৫ শতক যাহার চৌহদ্দীঃ উত্তরে–আঙ্গুরা বেগম ও অন্যান্য, দক্ষিণে-আঙ্গুরা বেগম ও অন্যান্য, পূর্বে–আঙ্গুরা বেগম ও অন্যান্য, পশ্চিমে-রাস্তা ও রফিক মিয়া।

তফসিল-০৪ঃ জেলা-সিলেট, থানা/উপজেলা-গোলাপগঞ্জ, ইউনিয়ন-৩ নং ফুলবাড়ী ইউপি, মৌজা-বাঘরখলা, জে.এল. নং-সি.এস./এস.এ.-৩৫, আর.এস.-৩৫, খতিয়ান নং-সি.এস./এস.এ.-১৯৪, আর.এস./বি.এস.-৬৪, ডি.পি.-১৩৩, মিউটেশন খতিয়ান নং-২৮৮, দাগ নং-সি.এস./এস.এ.-১০১, আর.এস./বি.এস.-৭১, মোট জমির পরিমাণ-১৩.০০ শতক যাহার চৌহদ্দীঃ উত্তরে–ডাইক, দক্ষিণে-জমির আলী, পূর্বে–তাজুদ, পশ্চিমে-জাকেরুল্লা বাবুল।

তফসিল-০৫ঃ জেলা-সিলেট, থানা/উপজেলা-গোয়াইনঘাট, ইউনিয়ন-৩ নং জাফলং ইউপি, মৌজা-চৈলাখেল ২য় ভাগ, জে.এল. নং-সি.এস./এস.এ.-৮১, আর.এস.-১০৩, খতিয়ান নং-সি.এস./এস.এ.-৪৯, আর.এস./বি.এস.-৫৯, মিউটেশন খতিয়ান নং-৩৪৮, দাগ নং-সি.এস./এস.এ.-৬১, আর.এস./বি.এস.-৭২, মোট জমির পরিমাণ-২০.০০ শতক যাহার চৌহদ্দীঃ উত্তরে-আজমল আলী, দক্ষিণে-ওয়াজিদ আলী, পূর্বে-দলিল দাতা নিজ, পশ্চিমে-দলিল দাতা নিজ।

তফসিল-০৬ঃ জেলা-সিলেট, থানা/উপজেলা-গোয়াইনঘাট, ইউনিয়ন-৩ নং পূর্ব জাফলং ইউপি, মৌজা-চৈলাখেল ৩য় ভাগ, জে.এল. নং-সি.এস./এস.এ.-১০৪, আর.এস.-৮২, খতিয়ান নং-সি.এস./এস.এ.-২২, আর.এস./বি.এস.-২৯৭, মিউটেশন খতিয়ান নং-৩৭৬, দাগ নং-

সি.এস./এস.এ.-১৭, আর.এস./বি.এস.-২১, মোট জমির পরিমাণ-৮.২৫ শতক যাহার চৌহদ্দীঃ উত্তরে-সুরমান, দক্ষিণে-আবুল, পূর্বে-সুরমান, পশ্চিমে-ডাউকি নদী।

**নিলামের শর্তাবলী ঃ-**

১। আগামী ৩০/০৮/২০১৮ ইং তারিখ বিকাল ৩.৩০ ঘটিকার মধ্যে ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, আম্বরখানা শাখায় রক্ষিত বাক্সে সরাসরি অথবা রেজিস্ট্রিকৃত ডাকযোগে দরপত্র জমা দিতে হইবে এবং ঐ দিনই ৪.০০ ঘটিকার সময় দরপত্র দাতাদের সামনে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র খোলা হইবে।

২। প্রত্যেক দরপত্রদাতাকে উদ্ধৃত দর অনুর্ধ্ব ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা হইলে উহার ২০%, উদ্ধৃত দর ১০,০০,০০০/-(দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনুর্ধ্ব ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা হইলে উহার ১৫%, এবং উদ্ধৃত দর ৫০,০০,০০০/-(পঞ্চাশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক হইলে উহার ১০% এর সমপরিমাণ টাকার ব্যাংক ড্রাফ্‌ট বা পে-অর্ডার জামানত স্বরূপ ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, আম্বরখানা শাখার অনুকূলে দরপত্রের সহিত দাখিল করিতে হইবে।

৩। অনুর্ধ ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৩০ (ত্রিশ) দিবসের মধ্যে, ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনুর্ধ ৫০,০০,০০০/-(পঞ্চাশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৬০ (ষাট) দিবসের মধ্যে, এবং ৫০,০০,০০০/-(পঞ্চাশ লক্ষ) টাকার অধিক উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৯০ (নব্বই) দিবসের মধ্যে দরদাতাকে সমুদয় মূল্য পরিশোধ করিতে হইবে তাহা করিতে ব্যর্থ হইলে জামানতের টাকা বাজেয়াপ্ত হইবে। প্রথম সর্বোচ্চ দরপত্রদাতার জামানত বাজেয়াপ্ত হইলে ব্যাংক কর্তৃপক্ষ দ্বিতীয় সর্বোচ্চ দরপত্রদাতাকে সম্পত্তি ক্রয়ে আহ্‌বান করিতে পারিবেন।

৪। দরদাতাগণ তফসিলভূক্ত এক বা একাধিক ক্রমিকের সম্পত্তির জন্য দরপত্র দাখিল করিতে পারিবেন, তবে একই ক্রমিকের সম্পত্তির আংশিক এর জন্য দরপত্র গ্রহণযোগ্য হইবেনা।

৫। দাখিলকৃত দরপত্রে সম্পত্তির প্রস্তাবকৃত মূল্য অস্বাভাবিকভাবে অপর্যাপ্ত বা কম প্রতীয়মান হইলে নিম্নস্বাক্ষরকারী উক্ত দর প্রস্তাব অগ্রাহ্য করিতে পারিবেন।

৬। ব্যাংক কর্তৃপক্ষ সফল দরদাতার অনুকূলে নিলামকৃত সম্পত্তি রেজিষ্ট্রি দলিলমুলে হস্তান্তর করিবেন। তবে দলিল রেজিষ্ট্রি সংক্রান্ত যাবতীয় খরচ যেমন– রেজিষ্ট্রেশন ফি, ষ্ট্যাম্প ডিউটি, বিবিধ ব্যয়সহ অন্যান্য প্রযোজ্য শুল্ক প্রভৃতি এবং উহার উপর কোন সরকারী, আধা-সরকারী, স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের যথা- সিটি কর্পোরেশন/পৌরসভা, ওয়াসা, ডেসা/ডেসকো, গ্যাস সরবরাহকারী প্রতিষ্ঠান, ভূমিকর ইত্যাদী সহ যে কোন পাওনাদারের পাওনা বা দাবী থাকিলে তাহা সফল দরদাতাকেই বহন করিতে হইবে ।

৭। দরপত্র জমা দেওয়ার পর বিক্রয় প্রস্তাবিত সম্পত্তির আকার, প্রকার, অবস্থান, স্বত্ত্ব/স্বত্ত্বের দলিল ইত্যাদী সম্পর্কে কোন প্রকার আপত্তি গ্রহনযোগ্য হইবে না।

৮। দরপত্রের মাধ্যমে নিলামে অংশগ্রহনে ইচ্ছুক ব্যক্তিগণ বিস্তারিত তথ্য অবগত হইবার জন্য নিম্নস্বাক্ষরকারীর অফিসে যোগাযোগ করিতে পারিবেন।

৯। ব্যাংক কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন দরপত্র গ্রহন বা সকল দরপত্র বাতিল করিবার ক্ষমতা সংরক্ষন করিবেন।

**ব্যবস্থাপক, ইউসিবি, আম্বরখানা শাখা, সিলেট।**